রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২১, ২০২৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৭ আষাঢ়, ১৪৩৩/২১ জুন, ২০২৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৭ আষাঢ়, ১৪৩৩ মোতাবেক ২১ জুন, ২০২৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:—

## ২০২৬ সনের ৯৫ নং আইন

## ২০২৬ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ২০২৬ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—(১) এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

২। **২০২৫-২০২৬ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৫৬১১৭,৫৯,৪১,০০০ (ছাপ্পান্ন হাজার একশত সতেরো কোটি উনষাট লক্ষ একচল্লিশ হাজার) টাকা প্রদান।**—২০২৬ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল


**মূল্য :** টাকা ৪·০০

ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ৫৬১১৭,৫৯,৪১,০০০ (ছাপ্পান্ন হাজার একশত সতেরো কোটি ঊনষাট লক্ষ একচল্লিশ হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। **নির্দিষ্টকরণ।**—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২৬ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | জাতীয় সংসদ | ১৬,৫৯,৬০ | ০ | ১৬,৫৯,৬০ |
| ০৩ | মন্ত্রিপরিষদ বিভাগ | ০ | ১৫,৬৭,৭৬ | ১৫,৬৭,৭৬ |
| | বাংলাদেশ সুপ্রীম কোর্ট | ১৯,৭৭,৫৪ | ০ | ১৯,৭৭,৫৪ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | ১০৬০,৯৫,৮০ | ৩২৮,৭০,০০ | ১৩৮৯,৬৫,৮০ |
| ০৬ | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন | ২৩,৫৪,৮৭ | ৬,৪৭,০০ | ৩০,০১,৮৭ |
| ০৭ | অর্থ বিভাগ | ৫০০০,০০,০০ | ২৩৬৫৫,৫৪,০৫ | ২৮৬৫৫,৫৪,০৫ |
| ০৯ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ০ | ১৬৯০,৮১,৭৯ | ১৬৯০,৮১,৭৯ |
| ১১ | পরিকল্পনা বিভাগ | ০ | ১২৪০৭,৮৩,৮৮ | ১২৪০৭,৮৩,৮৮ |
| ১২ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ২১,৯৭,৪২ | ২১,৯৭,৪২ |
| ১৪ | বাণিজ্য মন্ত্রণালয় | ০ | ৩০১,৯৩,৪০ | ৩০১,৯৩,৪০ |
| ১৫ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ৫৯,৯৭,৯২ | ৫৯,৯৭,৯২ |
| ১৮ | আইন ও বিচার বিভাগ | ০ | ৮৪,৭৪,৩৬ | ৮৪,৭৪,৩৬ |
| ১৯ | জননিরাপত্তা বিভাগ | ০ | ১৭১,৬৮,১৩ | ১৭১,৬৮,১৩ |
| ২০ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০ | ৮৭,৮৫ | ৮৭,৮৫ |
| ২৩ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ৪৯২৩,৪৮,৫৪ | ৪৯২৩,৪৮,৫৪ |

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৫ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ০ | ৭২২,৪৬,১৫ | ৭২২,৪৬,১৫ |
| ২৭ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২৯৩,৩৫,৫৯ | ২৯৩,৩৫,৫৯ |
| ৩০ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ০ | ১১২,৫৮,১০ | ১১২,৫৮,১০ |
| ৩২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২২০,৪১,২২ | ২২০,৪১,২২ |
| ৩৪ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ১৮০৯,৫৬,১০ | ১৮০৯,৫৬,১০ |
| ৩৭ | প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৭৫,৬১,৯৫ | ৭৫,৬১,৯৫ |
| ৩৮ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ৪৫,৪৫ | ৪৫,৪৫ |
| ৪৩ | ভূমি মন্ত্রণালয় | ০ | ৯৭,৭১,০৩ | ৯৭,৭১,০৩ |
| ৪৪ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ২১৭৭,০৪,৮১ | ২১৭৭,০৪,৮১ |
| ৪৫ | খাদ্য মন্ত্রণালয় | ০ | ৬৮৩,৯১,০৩ | ৬৮৩,৯১,০৩ |
| ৫৪ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১২২,১৯,৩২ | ১২২,১৯,৩২ |
| ৫৫ | দুর্নীতি দমন কমিশন | -৯১০,২৫ | ২০,৭৯,০০ | ১১,৬৮,৭৫ |
| | **মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি** | **৬১১১,৭৭,৫৬** | **৫০০০৫,৮১,৮৫** | **৫৬১১৭,৫৯,৪১** |

**ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া**

সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd